


চট্টগ্রাম সোমবার ২০ ডিসেম্বর ২০২১

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা




রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৬তম বর্ষ ২৯৮তম সংখ্যা ।। ৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ ।। ১৫ জমাদিউল আউয়াল ১৪৪৩ হিজরি ।। Monday 20 December 2021 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ভার্সিটির আইন বিভাগের ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি'র (অনার্স) ৪৭তম ব্যাচের ফ্রেশার্স' ওরিয়েন্টেশন প্রোগ্রাম গতকাল রবিবার সম্পন্ন হয়েছে। ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান এবং ইউনিভার্সিটির আইন অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল-ফারুক। আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে প্রফেসর একে এম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ প্রতিষ্ঠালগ্ন থেকে মানসম্মত শিক্ষা প্রদান করছে। এ কারণে এই বিভাগ থেকে পাশ করে বেরিয়ে যাওয়া হাজারের অধিক শিক্ষার্থী সুপ্রিম কোর্টসহ বিভিন্ন আদালতে দক্ষ আইনজীবী হিসাবে কাজ করছেন। ইতোমধ্যে ২৫ জন শিক্ষার্থী বিচারক হিসাবে প্রতিষ্ঠিত হয়েছেন। বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউনিভার্সিটির প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহকারী অধ্যাপক মেহের নিগার।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 20 December 2021, Page: 3, Col: 3
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2021-12-20

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

সোমবার
চট্টগ্রাম
২০ ডিসেম্বর ২০২১
৫ পৌষ ১৪২৮
১৫ জমাদিউল আউয়াল ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-০৮



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।
বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

▶ শুভ সকাল
বাংলাদেশি কর্মীদের মালয়েশিয়া প্রান্তের সব খরচ নিয়োগকর্তার

▶ দশ কথার এক কথা
'না না' বলতে বলতে বিএনপিই না নাই হয়ে যায়: তথ্যমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

| ▶ চট্টগ্রামে শনাক্ত | মৃত্যু |
| --- | --- |
| ১,০২,৪৯৮ | ১,৩৩২ |

▶ শেষ পাতায়
শ্রীলঙ্কাকে ১২ গোল দিয়ে ফাইনালে বাংলাদেশ



প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

# 'আইনের শাসন ছাড়া সভ্য সমাজ কল্পনা করা যায় না'

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি (অনার্স) এর ৪৭তম ব্যাচের ফ্রেশার্স ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন হয়েছে। ১৯ ডিসেম্বর বেলা ৩ টায় অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান এবং চবি আইন বিভাগের অধ্যাপক ও প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল-ফারুক। আইন বিভাগের চেয়ারম্যান মিসেস তানজিনা আলম চৌধুরী সভাপতিত্ব করেন। প্রধান অতিথি বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ প্রতিষ্ঠালগ্ন থেকে মানসম্মত শিক্ষা প্রদান করছে। একারণে এই বিভাগ থেকে পাশ করে বেরিয়ে যাওয়া হাজারের অধিক শিক্ষার্থী সুপ্রিম কোর্টসহ বিভিন্ন আদালতে দক্ষ আইনজীবী হিসেবে কাজ করছেন। ইতোমধ্যে ২৫ জন শিক্ষার্থী বিচারক হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন। এছাড়া আরও অনেক শিক্ষার্থী দেশ-বিদেশের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সঙ্গে কাজ করছেন। এটা প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের জন্য বিশাল অর্জন। আইন এবং সভ্যতা একে-অপরের পরিপূরক। কোনো সভ্য সমাজ আইনের শাসন ছাড়া কল্পনা করা যায় না। তিনি আইন বিভাগের শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা এবিএম মহিউদ্দিন চৌধুরীর আইন বিষয়ে বিশেষ দুর্বলতা ছিল। কোনো ছাত্র বা ছাত্রী ভর্তি সংক্রান্ত বিষয়ে তার সঙ্গে সাক্ষাৎ করলে তিনি বলতেন, আইন পড়ো। মানবিক সমাজ ও মানবিক রাষ্ট্র প্রতিষ্ঠায় আইন সবচেয়ে বেশি জরুরি।

ড. আবদুল্লাহ আল ফারুক বলেন, বাংলাদেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে যে কয়েকটি আইন বিভাগ রয়েছে, সেগুলোর মধ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ অন্যতম ও সমৃদ্ধ। একারণে তোমরা এখানে আইন পড়ার ও শেখার জন্য ভর্তি হয়ে সঠিক কাজ করেছো। আমি বিশ্বাস করি, এই বিভাগের শিক্ষকবৃন্দ তোমাদের সামনে আইনের জগত উন্মুক্ত করে দেবেন। সভাপতির বক্তব্যে মিসেস তানজিনা আলম চৌধুরী অনুষ্ঠানে আগত নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান এবং তাদের সঙ্গে আসা অভিভাবকদের শ্রদ্ধা জ্ঞাপন করেন। বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। স্বাগত বক্তব্য দেন বিভাগের সহকারী অধ্যাপক মেহের নিগার। অনুষ্ঠানে বিভাগের সকল শিক্ষক ও শিক্ষিকা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 20 December 2021, Page: 2, Col: 7
https://epurbodesh.com/index.php?date=20-12-2021&page=2

চট্টগ্রাম • সোমবার • ২০ ডিসেম্বর ২০২১ • ৫ পৌষ ১৪২৮ • ১৫ জমাদিউল আউয়াল ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ১২৩ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
বঙ্গবন্ধুর সোনার বাংলা দারিদ্র্যকে জয় করেছে ৩

সংবাদ ৪
দেশের মর্যাদা বিশ্বময় ছড়িয়ে গেছে : মাহতাব উদ্দিন চৌধুরী



দেশগ্রাম ৫
শেখ হাসিনার উন্নয়ন এখন বিশ্বব্যাপী দৃশ্যমান

বিনোদন
৬ নিজের প্রতিষ্ঠানে নিজেকেই অডিশন দিতে হলো : নোভা





প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের ফ্রেশার্স' ওরিয়েন্টেশনে অংশগ্রহণকারীরা

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের ফ্রেশার্স' ওরিয়েন্টেশন

## সভ্য সমাজ আইনের শাসন ছাড়া হয় না

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি (অনার্স)র ৪৭তম ব্যাচের ফ্রেশার্স' ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন হয়েছে।

১৯ ডিসেম্বর এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক।

বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল-ফারুক। আইন বিভাগের চেয়ারম্যান মিসেস তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন প্রফেসর একে এম তফজল হক ।

তিনি বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ প্রতিষ্ঠালগ্ন থেকে মানসম্মত শিক্ষা প্রদান করছে। একারণে এই বিভাগ থেকে পাশ করে বেরিয়ে যাওয়া হাজারের অধিক শিক্ষার্থী সুপ্রিম কোর্টসহ বিভিন্ন আদালতে দক্ষ আইনজীবী হিসেবে কাজ করছেন। ইতোমধ্যে ২৫ জন শিক্ষার্থী বিচারক হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন।

এছাড়া আরও অনেক শিক্ষার্থী দেশ-বিদেশের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সঙ্গে কাজ করছেন। এটা প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের জন্য বিশাল অর্জন। প্রফেসর একে এম তফজল হক আরও বলেন, আইন এবং সভ্যতা একে-অপরের পরিপুরক। কোনো সভ্য সমাজ আইনের শাসন ছাড়া কল্পনা করা যায় না। তিনি বঙ্গবন্ধুর প্রসঙ্গ উল্লেখ করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪র্থ শ্রেণির কর্মচারীদের অধিকার আদায়ের জন্য তিনি আন্দোলন করেছিলেন এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনৈতিক সিদ্ধান্তের কাছে মাথা নত করেন নি।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান আইন বিভাগের শিক্ষার্থীদের কর্মক্ষেত্র অনেক ব্যাপক' উল্লেখ করে বলেন, আজকের দিনে স্মরণ করছি প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীকে। কারণ, আইন বিষয়ে তাঁর বিশেষ দুর্বলতা ছিল। কোনো ছাত্র বা ছাত্রী ভর্তি সংক্রান্ত বিষয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করলে তিনি বলতেন, আইন পড়ো। মানবিক সমাজ ও মানবিক রাষ্ট্র প্রতিষ্ঠায় আইন সবচেয়ে বেশি জরুরি। ড. আবদুল্লাহ আল ফারুক বলেন, বাংলাদেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে যে-কয়েকটি আইন বিভাগ রয়েছে, সেগুলোর মধ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ অন্যতম ও সমৃদ্ধ। একারণে তোমরা এখানে আইন পড়ার ও শেখার জন্য ভর্তি হয়ে সঠিক কাজ করেছো।

বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহকারী অধ্যাপক মেহের নিগার। অনুষ্ঠানে বিভাগের সকল শিক্ষক ও শিক্ষিকা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি



চট্টগ্রামে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের উদ্বোধন



চবি আবৃত্তিমঞ্চের পরিবেশনা

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 20 December 2021, Page: 3, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2021-12-20